# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)
# কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া।

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স আশরাফ ফ্লাওয়ার মিল, প্রোপ্রাইটরঃ হাজি মোঃ আশরাফ আলী, জন্ম তারিখঃ ২২/০৮/১৯৪৭ইং, জাতীয় পরিচিতি নংঃ ৫০২৭৯০৩১১৭৫৫৭, পিতাঃ মৃত হাবিল উদ্দিন, মাতাঃ মৃত আশরাফুল খাতুন, ঠিকানাঃ বাড়ী নং-১৫, ১নং মসজিদ বাড়ী লেন, আড়ুয়াপাড়া, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া, ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানাঃ ৪৯, এস.সি.বি. রোড, বড় বাজার, কুষ্টিয়া কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কুষ্টিয়া শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে ১) হাজি মোঃ আশরাফ আলী, পিতাঃ মৃত হাবিল উদ্দিন, মাতাঃ মৃত আশরাফুল খাতুন, ২) মোছাঃ শামসুন্নাহার, স্বামীঃ হাজি মোঃ আশরাফ আলী, পিতাঃ সামসুল ইসলাম, মাতাঃ মোছাঃ সালেহা খাতুন, ৩) রুবাইয়া আশরাফ (নাবালিকা), ৪) সামুরা আশরাফ (নাবালিকা), উভয় নাবালিকার পিতাঃ হাজি মোঃ আশরাফ আলী ও মাতাঃ মোছাঃ শামসুন্নাহার, সর্ব ঠিকানাঃ বাড়ী নং-১৫, ১নং মসজিদ বাড়ী লেন, আড়ুয়াপাড়া, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া কর্তৃক নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত১৫/১০/২০২৫ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৫,৭৯,২৭,০৪৬.০৫ (পাঁচ কোটি ঊনআশি লক্ষ সাতাশ হাজার ছেচল্লিশ টাকা পাঁচ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

লট নং-১: জেলা ও থানাঃ কুষ্টিয়া, জে.এল. নং-৩৫ (এস.এ.) ও ২১ (আর.এস.), মৌজাঃ কালিশংকরপুর। খতিয়ান নং-এস.এ.-১০৪৪, ১০৩৮, আর.এস.-৯১৭, ৫৩৬, আর.এস. খারিজ-৯১৭, ৯১৭; দাগ নং-এস.এ.-২৬৬৮, ২৭৯৭, আর.এস.-৪৯৩২, ৪৯৩৩; মোট জমির পরিমাণ-(০.০৩৫৬, ০.০৩২৫)=০.০৬৮১ একর (শুন্য দশমিক শুন্য ছয় আট এক একর) জমি দোতলা বিশিষ্ট পাকা ভবন এবং তদুপরিস্থিত বর্তমানে নির্মিত ও অন্যান্য সংযোগসমূহ এবং ভবিষ্যতে নির্মীয়মাণ অবকঠামো ও সংযোগসহ যাবতীয় আকর-আওলাদি যেখানে যে অবস্থায় বিদ্যমান। চৌহদ্দিঃ উত্তরে-লুৎফুর রহমান, দক্ষিণে-বাই লেন, পূর্বে-মসজিদ বাড়ী লেন, পশ্চিমে-আঃ রশিদ।

লট নং-২: জেলা ও থানাঃ কুষ্টিয়া, জে.এল. নং-৩৪ (এস.এ.) ও ২০ (আর.এস.), মৌজাঃ বাহাদুরখালী। খতিয়ান নং-এস.এ.-১৫২, ৪৭১, আর.এস.-৬১২, আর.এস. খারিজ-১২৩৬; দাগ নং-এস.এ-১৪২৩, ১৪২০, ১৪১৯, ৭১৫, ৭১৭, আর.এস.-২৮৮৯; জমির পরিমাণ-মোট ০.১৯২৭ একর (শুন্য দশমিক এক নয় দুই সাত একর) জমি এবং তদুপরিস্থিত বর্তমানে নির্মিত ও অন্যান্য সংযোগসমূহ এবং ভবিষ্যতে নির্মীয়মাণ অবকঠামো ও সংযোগসহ যাবতীয় আকর-আওলাদি যেখানে যে অবস্থায় বিদ্যমান। চৌহদ্দিঃ উত্তরে-এস.সি.বি. রোড, দক্ষিণে-রেলের জমি, পূর্বে-মেসার্স কে.ডি.সি ইন্ডাস্ট্রিজ, পশ্চিমে-মেসার্স মুন মুন ফ্লাওয়ার মিল।

লট নং-৩: জেলা ও থানাঃ কুষ্টিয়া, জে.এল. নং-৩৪ (এস.এ.) ও ২০ (আর.এস.), মৌজাঃ বাহাদুরখালী। খতিয়ান নং-এস.এ.-১৫২, আর.এস-৬৯৩, আর.এস. খারিজ-১৩৭০; দাগ নং এস.এ.-১৪১১, ১৪১২, আর.এস. ২৮৬৯; জমির পরিমাণ মোট ০.০৫১৫ একর (শুন্য দশমিক শুন্য পাঁচ এক পাঁচ একর) জমি এবং তদুপরিস্থিত বর্তমানে নির্মিত ও অন্যান্য সংযোগসমূহ এবং ভবিষ্যতে নির্মীয়মাণ অবকঠামো ও সংযোগসহ যাবতীয় আকর-আওলাদি যেখানে যে অবস্থায় বিদ্যমান। চৌহদ্দিঃ উত্তরে-গোলাম সরোয়ার, দক্ষিণে-এস.সি.বি. রোড, পূর্বে-রাস্তা, পশ্চিমে-হাজি মোঃ আকমল হোসেন।

তিন লটে সর্বমোট জমির পরিমাণ=(০.০৬৮১+০.১৯২৭+০.০৫১৫) একর=০.৩১২৩ একর (শুন্য দশমিক তিন এক দুই তিন একর) জমি এবং তদুপরিস্থিত বর্তমানে নির্মিত ও অন্যান্য সংযোগসমূহ এবং ভবিষ্যতে নির্মীয়মাণ অবকঠামো ও সংযোগসহ যাবতীয় আকর-আওলাদি যেখানে যে অবস্থায় বিদ্যমান।

## নিলামের শর্তাবলী

(১) আগামী ১৩/১১/২০২৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কুষ্টিয়া শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কুষ্টিয়া শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্‌ান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া।**